

মেইনটেনেন্স ইঞ্জিঃ (হার্ডওয়্যার ও নেটওয়ার্ক)

www.dpe.gov.bd

সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০২.২০.৫২

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯

২২ মে ২০২২

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াই-ফাই সিস্টেমের মাধ্যমে ইন্টারনেট সংযোগ স্থাপন প্রসঙ্গে।

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ৪১০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ইন্টারনেট সংযোগ ক্রয়ের নিমিত্ত প্রতিষ্ঠান নির্বাচনের জন্য উন্মুক্ত দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্র প্রক্রিয়ায় রাজশাহী, খাগড়াছড়ি ও বান্দরবন জেলার ১২৯৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ইন্টারনেট সেবা ক্রয়ের কোন কোন দরপত্রদাতা কর্তৃক দরপত্র প্রস্তাব দাখিল না হওয়ায় পুনঃদরপত্র আহবানের সিদ্ধান্ত হয়। ৬১টি জেলার (৪১০০০-১২৯৯)=৩৯,৭০১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ওয়াই-ফাই সিস্টেমের মাধ্যমে ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য গ্রামীনফোন লিমিটেডকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত কার্যাদেশের আওতায় পার্বত্য চট্টগ্রামের ৩টি জেলা ব্যতিত ৬১টি জেলায় ১ম পর্যায়ে ১০০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াই-ফাই সিস্টেমসহ সিম বিতরণ করা হয়েছে। ২য় পর্যায়ে গ্রামীনফোন লিমিটেড ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের ১৫৪২৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াই-ফাই সিস্টেমের মাধ্যমে ইন্টারনেট সংযোগ স্থাপন করেছে। ৩য় পর্যায়ে রাজশাহী, রংপুর, সিলেট, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের ২৩২৭৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াই-ফাই সিস্টেমের মাধ্যমে ইন্টারনেট সংযোগ স্থাপন করবে। এলক্ষ্যে গ্রামীনফোন লিমিটেড রাজশাহী, রংপুর, সিলেট, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসে ওয়াই-ফাই সিস্টেম ও সিম সরবরাহ করবে।

২। এমতাবস্থায়, গ্রামীনফোন লিমিটেড কর্তৃক সরবরাহকৃত ওয়াই-ফাই সিস্টেম ও সিম সংযুক্ত তালিকা অনুযায়ী রাজশাহী, রংপুর, সিলেট, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের সংশ্লিষ্ট উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিতরণ এবং বিদ্যালয়সমূহে বিতরণের রিসিভিং কপি সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: উপজেলা ওয়াইস সংখ্যা, রাজশাহী, রংপুর, চট্টগ্রাম, সিলেট, ও ময়মনসিংহ বিভাগের বিদ্যালয়ের তালিকা।



২২-৫-২০২২

মোঃ বদিয়ার রহমান

পরিচালক (আইএমডি)

ফ্যাক্স: 02-9038122

সকল উপজেলা শিক্ষা অফিসার (রাজশাহী, রংপুর,
সিলেট, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০২.২০.৫২/১(৭৫)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯

২২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম বিভাগ।
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) (সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসসমূহকে বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৪) সহকারী শিক্ষা অফিসার (রুটিন দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৫) মোঃ ইয়াসিন চৌধুরী, লিড ম্যানেজার, গ্রামীনফোন লিমিটেড



২২-৫-২০২২

মোঃ বদিয়ার রহমান
পরিচালক (আইএমডি)